দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা মেডিক্যালে ঢাবির দুই শিক্ষার্থী আটক ॥ ছাড়িয়ে নিতে বিক্ষোভ

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে (ঢামেক) চিকিৎসাধীন একজন বন্দী সাইফুল ইসলাম (৩২) ও দু'কারারক্ষীকে মারধরের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র নামধারী দু'শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার রাত সোয়া এগারোটায় ঢামেকের ৭০২ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। আটক দু'ছাত্রকে ছাড়িয়ে নিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী রাতে ঢামেক চত্বরে মিছিল এবং ওয়ার্ডে গিয়ে দ্বিতীয় দফা হামলার চেষ্টা করলে পুলিশ সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসে। রাজধানীর শাহবাগ থানা পুলিশ ঘটনার সত্যতা নিশ্চিত করেছে।